বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের বিক্ষোভ

কুষ্টিয়া শহরের পাঁচ রাস্তার মোড়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মাণাধীণ ভাস্কর্য ভাঙ্গার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ।

গতকাল বুধবার বিকালে কেদারগঞ্জ বাজার প্রাঙ্গণে এ বিক্ষোভ মিছিল ও সমাবেশের আয়োজন করা হয়।

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে বিক্ষোভ মিছিলটি শহড়ের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় বাজার প্রাঙ্গণে রয়েল কাউন্টারের সামনে এসে শেষ হয়।

পরে সেখানে এক সমাবেশের আয়োজন করা হয়।

এ সময় মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক এ্যাড. ইব্রাহীম শাহীন, সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ, দারিয়াপুর ইউপি চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মজিবার রহমান মধু, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুস্তাকিম হক খোকন, মোনাখালী ইউনিয়ন আওয়ী লীগের সভাপতি রফিকুল ইসলাম অপা গাইন,

মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক এ্যাড. রুতশোভা বিশ্বাস, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন, উপজেলা শ্রমীকলীগের সভাপতি আবুল কালাম আজাদ, উপজেলা কৃষক লীগের সভাপতি নজরুল মন্ডল, বাগোয়ান ইউনিয়ন পরিষদের সাবেক (ভাঃপ্রাঃ) চেয়ারম্যান আক্কাস আলী,

জেলা পরিষদের সদস্য শাহীন উদ্দীন, উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, উপজেলা ছাত্রলীগের

সভাপতি হেলাল উদ্দীন লাভলু, সাধারণ সম্পাদক শেখ সাকিব, মুজিবনগর সরকারী ডিগ্রি কলেজের সাবেক সভাপতি সাহওয়ালীউল্লাহ সোহাগসহ আওয়ামী লীগ সংগঠনের নেতাকর্মীরা উক্ত বিক্ষোবে অংশ নেন।

বিক্ষোভ মিছিল শেষে রয়েল কাউন্টারের সামনে জেলা আওয়ামী লীগের অন্যতম সদস্য রফিকুল ইসলাম তোতার সভাপতিত্বে এক জনসমাবেশ অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, গত শুক্রবার দিবাগত রাতের কোনো এক সময়ে কুষ্টিয়া শহরের পাঁচ রাস্তার মোড়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মাণাধীণ ভাস্কর্যের হাত ও মুখের অংশ ভাঙচুর করে দুর্বৃত্তরা। এ ঘটনায় চারজনকে আটক করেছে পুলিশ।

মেহেরপুরে আজ ৩জন করোনা আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। ৩ জন মেহেরপুর সদরের বাসিন্দা।

বুধবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ২১ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে ৩ জনের। আর নেগেটিভ আসে ১৮ জনের।

সূত্রে আরো জানা যায়, সর্বমোট ফলাফল এসেছে ৫০৪৮ টি, সর্বমোট পজিটিভ ৭৩৫ জন, সুস্থ ৬৩৬ জন, মৃত্যু ১৬ জন ও ট্রান্সফার্ড ৬০ জন।

বর্তমানে পজিটিভ সংখ্যা ২১ টি (সদর ১৪ গাংনী ০৩ মুজিবনগর ০৪)।

ভিন্নসূত্রে পাওয়া পজিটিভের পরিচয়-
মেহেরপুর সদর, দফরপুরের নাসিমা খাতুন ৪৫, মেহেরপুর সদর, ফৌজদারি পাড়ার শশি ৩০, মেহেরপুর সদর, জেনারেল হাসপাতালের সোনালী হাওলাদার ৫০।

নারী ক্ষমতায়ন অর্থে এশিয়া মহাদেশের সবচেয়ে শীর্ষে – মাননীয় প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন

বেগম রোকেয়া দিবস ও আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ - ২০২০ উদ্যাপনে আলোচনা সভা ও জয়িতাদের সংবর্ধনা অনুষ্ঠান এর আয়োজন করা হয়।
বুধবার বেলা ১২◌ঃ৩০ মিনিটের সময় মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়

মেহেরপুর জেলা প্রশাসক ড. মনসুর আলম খানের সভাপতিত্বে জুমের মাধ্যমে বক্তব্য রাখেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এমপি বলেন আজকের এই দিবসটি অতি গুরুত্বপূর্ণ দিবস আজ বাংলাদেশকে নারী ক্ষমতায়ন অর্থে এশিয়া মহাদেশের সবচেয়ে শীর্ষে অবস্থানে আছে আমার দৃষ্টিতে তিনি আরো বলেন আমাদের দেশের প্রধানমন্ত্রী একজন নারী সংসদের উপনেতা একজন নারী সংসদের স্পিকার একজন নারী এবং আমাদের বিভিন্ন ক্ষেত্রে নারীর অংশগ্রহণ নিশ্চিত কাজ করে যাচ্ছে, মেহেরপুর জেলার পুলিশ সুপার এস এম মুরাদ আলী, মোছাঃ নাসিমা খাতুন উপ-পরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা চেয়ারম্যান শামীম আরা হীরা, “জয়িতা অন্বেষণের বাংলাদেশ” শীর্ষক কার্যক্রমের আওতায় জেলা পর্যায়ে ৫ ক্যাটাগরীতে জয়িতাদের নামের তালিকা

অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী মোছাঃ তানিয়া পারভীন, শিক্ষা ও চাকরির ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী মোছাঃ আফরোজা খাতুন, সফল জননী নারী মোছাঃ ফরিদা ইয়াসমিন, নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যোমে জীবন শুরু করেছে যে নারী মোছাঃ রাফিজা খাতুন, সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছে যে নারী মোছাঃ দিলারা পারভীন।

“জয়িতা অন্বেষণের বাংলাদেশ” শীর্ষক কার্যক্রমের আওতায় উপজেলা

পর্যায়ে ৫ ক্যাটাগরীতে জয়িতাদের নামের তালিকা
অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী আর্চনা দাসী, শিক্ষা ও চাকরির ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী মোছাঃ রোজিনা খাতুন, সফল জননী নারী গীতা রানী দাস, নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যোমে জীবন শুরু করেছে যে নারী মোছাঃ পলি ইয়াসমিন, সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছে যে নারী মোছাঃ দিলারা পারভীন।

শৈলকুপায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে পেঁয়াজ বীজ ও সার বিতরণ

ঝিনাইদহের শৈলকুপা উপজেলায় বুধবার বেলা ১১ টায় উপজেলা পরিষদ চত্বরে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে রবি ২০২০-২১ মৌসুমে পেঁয়াজ আবাদ বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায়, উপজেলার ১৩০০জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে বিনামূলে পেঁয়াজ বীজ ও রাসায়নিক সার (ডিএপি ও এমওপি) সহায়তা প্রদান করা হয়।উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলার উপ-পরিচালক কৃষি সম্প্রসারণ বিভাগ কৃপাংশু শেখর বিশ্বাস,সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লীজা,বিশেষ অতিথি ছিলেন জেলা কৃষি প্রশিক্ষন কর্মকর্তা বিজয় কৃষ্ণ হালদার, উপজেলা পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিলুফা ইয়াসমিন, ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু, উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ আকরাম হোসেন, কৃষি সম্প্রসারণ কর্মকতা মাহবুব ইলাহি,যুব উন্নয়ন কর্মকর্তা মিজানুর রহমান,বিআরডিবি কর্মকর্তা এনায়েত হোসেন, প্রেসক্লাব সভাপতি এম হাসান মুসা, সাধারন সম্পাদক শাহিন আক্তার পলাশ প্রমুখ। প্রত্যেক কৃষককে ২০ কেজি ডিএপি,১০ কেজি এমওপি সার ও ৭৫০ গ্রাম উন্নত জাতের পেঁয়াজ বীজ প্রদান করা হয়।
আব্দুল জাব্বার শৈলকুপা ঝিনাইদহ ০১৯২৭৭৪৯১১

মুজিবনগরে বেগম রোকেয়া দিবস পালিত

মুজিবনগরে র্যালী ও আলোচনা সভার মধ্য দিয়ে পালিত হয়েছে বেগম রোকেয়া দিবস ও আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস ।

বুধবার সকাল সাড়ে দশটার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে বেগম রোকেয়া দিবস উপলক্ষে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী বের করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্বে র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় পরিষদ চত্বরে এসে শেষ হয়।
উক্ত র্যালীতে উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম,সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম,যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু,জনস্বাস্থ প্রকৌশলী অফিসার জাহাঙ্গীর আলম প্রমুখ উক্ত র্যালীতে অংশ নেন। র্যালী শেষে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলামের সভাপতিত্বে পরিষদ মিলনয়াতনে বেগম রোকেয়া দিবস ও আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এর আগে নারী নির্যাতন প্রতিরোধ দিবস পালনে উপজেলা পরিষদেন সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়।
আলোচনা সভা শেষে ২০২০ সালের বিভিন্ন ক্যাটাগরীতে ৫ জন জয়িতাকে ক্রেষ্ট প্রদান করা হয়।

ঝুঁকি বাড়াচ্ছে ঘন কুয়াশা, রাস্তায় যানবাহন চলছে হেডলাইট জ্বালিয়ে

সম্প্রতি শীতের আবহাওয়া শুরু হয়ে দিন দিন তা বেড়েই চলছে। দিন গড়িয়ে রাত পেরনোর পর ক্রমেই বাড়ছে কুয়াশার তীব্রতা।

আজ বুধবার যশোর ঝিনাইদহ মহাসড়ক ঘুরে দেখা গেছে, নিমতলা, কলাহাটা মোড়, বৈশাখী পাম্প মোড়সহ একাধিক বাঁক রয়েছে। রাতের আঁধারে সেই সাথে কুয়াশার প্রভাবে ওই সব এলাকার সড়ক দিয়ে চলাচল করা হয়ে ওঠে ঝুঁকিপূর্ণ।

কালীগঞ্জ উপজেলার মহাসড়কে যানবাহনগুলো সকাল আটটার সময়ও হেডলাইট জ্বালিয়ে চলাচল করছে।

এরমধ্যে বিষয় খালী, দুলাল মুন্দিয়া, রঘুনাথপুর, বারোবাজারসহ একাধিক স্থানে ছোটখাট বাসস্ট্যান্ড রয়েছে। এসব স্থানে আলোর ব্যবস্থা থাকলেও মহাসড়কের দীর্ঘপথটা ফাঁকা রয়েছে।

মহাসড়কের ফাঁকা দু’পাশে কুয়াশা বুঝিয়ে দিচ্ছিলো বিস্তীর্ণ ফসলি জমি সেখানে। এসব ফাঁকা স্থান দিয়ে তীব্র বেগে ধেয়ে আসতে থাকে কুয়াশা। এসব এলাকায় চালকদের বেপরোয়া গতিতে গাড়ি চালানোর দৃশ্যটা ভয় পাওয়ার মত।

আগমুন্দিয়া এলাকায় হোটেলে বসা সোহেল, মোবারক, জুয়েলসহ কয়েকজন বাস ও ট্রাকচালকের সঙ্গে কথা হয়। তারা জানান, জোড়াতালির মহাসড়ক মাড়িয়ে তাদের যানবাহন চালাতে হচ্ছে। এর মধ্যে আবার যোগ হয়েছে তীব্র শীত ও ঘন কুয়াশা। এছাড়া সম্প্রতি সারাদেশে শীতের আবহ বেড়েছে অনেকটা।

চালক সুবাস দাস জানান, ট্রাকের সময় নির্ধারণ না থাকলেও বাসকে সময় মেনে চলাচল করতে হয়। এ কারণে ট্রাকচালকদের তুলনায় বাস চালকরা অনেকটা বেপরোয়া গতিতে গাড়ি চালান। সেক্ষেত্রে তারা তীব্র কুয়াশার মধ্যেও একই কাজটি করেন। এতে দুর্ঘটনার ঝুঁকি থাকে, থাকে জীবন হারানোর ঝুঁকি।

এরপরও সবাই বেপরোয়াভাবেই গাড়ি চালায়। মহাসড়কের রাস্তার দু’পাশ

থেকে মাঝেমধ্যেই কুয়াশা যেন চেপে বসে। তখন সবকিছু যেন দৃষ্টিসীমার বাইরে চলে যাওয়ার মত অবস্থা হয়। দুর্ঘটনা এড়াতে চালক যানের গতি নিয়ন্ত্রণে আনতে বাধ্য হন।

যানবাহন চালকরা আরও জানান, কুয়াশার মধ্যে সন্ধ্যার পর মহাসড়ক দিয়ে শহরগুলোতে যেতে বেশ সমস্যায় পড়তে হচ্ছে। ফাঁকা স্থানে কুয়াশার দাপট বেশি। তাই গাড়ি চালাতে হচ্ছে ধীরগতিতে। চারদিক থেকে কুয়াশা চেপে ধরে, যেন কিছুই চোখে পড়তে চায় না। তখন গাড়ি থামিয়ে সামনের গ্লাসে পানি দিয়ে পরিষ্কার করতে হয়।

এদিকে আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদরা বলছেন, সম্প্রতি শীতের আবহ বেড়েছে। সময় গড়িয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে বাড়ছে শীতের মাত্রা। এর প্রভাব সারা দেশে। দিন যত যাবে কুয়াশার দাপট ততই বাড়বে। এ মাসে দুইটি শৈত্য প্রবাহ হওয়ার কথাও জানিয়েছেন তারা। কুয়াশার প্রভাবে ঢাকা, সিলেট, চট্রগ্রাম সহ সারা দেশের সাথে উপজেলার যোগাযোগ ব্যবস্থা ব্যহত হচ্ছে।

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙ্গার প্রতিবাদে মেহেরপুরে আওয়ামী লীগের বিক্ষোভ

কুষ্টিয়াতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মাণাধীন ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে মেহেরপুর জেলা আওয়ামী লীগের আয়োজনে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গবার বিকালে মিছিলটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে পৌর কমিউনিটি সেন্টারে এসে শেষ হয়।

পরে সেখানে সংক্ষিপ্ত আকারে বক্তব্য দেন নেতৃবৃন্দরা। এ সময় বক্তব্য দেন, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুস সালাম বাবলু বিশ্বাস, সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন,

সাবেক এমপি মকবুল হোসেন, জেলা আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহিন, মুজিবনগর উপজেলার সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, জেলা যুবলীগের যুগ্ম-আহবায়ক সারফারাজ হোসেন মৃদুল, যুব মহিলা লীগ নেত্রী শামীম আরা হীরা।

এসময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগের নেতা কর্মীরা।

হরিণাকুণ্ডুতে বিজয় দিবস ও শহীদ বুদ্ধিজীবী দিবস পালনের প্রস্তুতি সভা

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা পরিষদের উদ্যোগে মহান বিজয় দিবস ও শহীদ বুদ্ধিজীবী দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকালে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, সংসদ সদস্যের প্রতিনিধি রওশন আলী, সহকারী কমিশনার(ভূমি) রাজিয়া সুলতানা চৌধুরী, থানার ওসি আব্দুর রহিম মোল্লা, উপজেলা আ.লীগের যুগ্ম- সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম শিলু, প্রেস ক্লাবের সভাপতি এম সাইফুজ্জামান তাজু।

এছাড়াও উপস্থিত ছিলেন, ইউপি চেয়ারম্যান ফজলুর রহমান, মঞ্জুর আলম, গোলাম মোস্তফা, ছমির উদ্দীন, মোহাম্মদ আলীসহ উপজেলার বিভিন্ন দপ্তরের প্রধান, ও বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ।

আলোচনায় সভায় আগামী ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস পালনের বিভিন্ন কর্মসূচি ঘোষণা করা হয়।

এছাড়া অনলাইনের মাধ্যমে সঙ্গীত, কবিতাসহ চিত্রাঙ্কন

প্রতিযোগীতার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলমডাঙ্গায় মাস্ক ব্যবহার না করায় ৮ জনকে জরিমানা

আলমডাঙ্গার জামজামি বাজারে মাস্ক ব্যবহার না করায় ৮জনকে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা করেছে।

গতকাল মঙ্গলবার বিকাল ৪ টার দিকে উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী এ আদালত পরিচালনা করেন।

জানাগেছে, সারাদেশে করোনার দ্বিতীয় ধাপ অতিক্রম করছে। এরই কারণে জেলার আলমডাঙ্গা উপজেলায় করোনার আক্রান্তের সংখ্যা বাড়ছে। সরকারি নির্দেশ মোতাবেক করোনাকালীন মাস্ক পরিধান বাধ্যতা মূলক।

কিন্তু অনেকে সরকারি নির্দেশ পালন না করে খোলা মুখে বাজারে ঘোরাঘুরি করছে। মাস্ক পরিহিত না থাকার কারণে উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী সঙ্গীয় জামজামি ফাঁড়ি পুলিশের সহযোগিতায় ৮ জনকে ২ হাজার টাকা জরিমানা করেন।

আলমডাঙ্গায় পুলিশ পরিচয়ে এক ব্যক্তিকে অপহরণের অভিযোগ

আলমডাঙ্গার গোপালদিয়াড় গ্রামে বাড়ির পাশ থেকে পুলিশ পরিচয়ে আলি হোসেন (৪০) নামের এক ব্যক্তিকে অপহরণের অভিযোগ উঠেছে। এই ঘটনায় অপহৃত ব্যক্তির ভাই আদম আলি বাদী হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করেছে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার হারদি ইউনিয়নের গোপালদিয়াড় গ্রামের নুর নবীর ছেলে জাহামত, জাহাঙ্গীর আলম ভোলা, মুস্তাকের ছেলে রিপন, আনার মন্ডলের ছেলে আমিরুল সোমবার দিবাগত রাতে বাড়ির পাশে সাউন্ড বক্সের মাধ্যমে গান বাজিয়ে ও হিজরা নাচিয়ে তারা পিকনিকের অনুষ্ঠান করে।

সোমবার দিবাগত রাতে হঠাৎ পিকনিকের লোকজন শুকুর আলীর ছেলে ডিটুর বাড়ির টিনের উপরে ইট-পাটকেল নিক্ষেপ করে।

এসময় ডিটু বাড়ির বাইরে আসলে তাদের সাথে তর্কে জড়িয়ে পড়ে। ডিটু পুলিশ দিয়ে ধরিয়ে দিবে বলে তাদের হুমকিও দেয়।

ওই রাতে আয়ুব আলীর ছেলে আলি হোসেন রাত ২ টার দিকে গানের শব্দে বাড়ির বাইরে আসে। পুলিশের উপস্থিতি ভেবে পিকনিক আয়োজকেরা গান বন্ধ করে দেয়।

এসময় অজ্ঞাত ব্যক্তিরা পুলিশ পরিচয় দিয়ে তাকে ধরে নিয়ে যাওয়া ঘটনাটি ঘটে।

এ বিষয়টি আলির পরিবারের লোকজনকে জানালে তারা স্থানীয় ফাঁড়ি ও থানা পুলিশের নিকট খোঁজ করলে তার কোন খোঁজ মেলেনি।

অপহরণের বিষয়ে অপহৃত আলির ভাই আদম বাদী হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করেন।